

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.১৯. ৪২২

তারিখঃ ১০/১১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মাহবুবুর রহমান পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় কর্মকালীন নিম্নবর্ণিত অনিয়মসমূহ তথা অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রম সংঘটিত হয়েছেঃ

- সুলতানাবাদ মহিলা সমিতিতে ১ম পর্যায়ে বিতরণকৃত ঋণ (৭.২৫ লক্ষ টাকা), পূর্ব সুলতানাবাদ মহিলা সমিতিতে বিতরণকৃত ঋণ (২.৬৫ লক্ষ টাকা) ও মধ্য সুলতানাবাদ সমিতিতে বিতরণকৃত ঋণ (৬.০৯ লক্ষ টাকা) এর ঋণ মঞ্জুরী নোটশীট, ঋণ বিতরণী রেজিস্ট্রার ও ঋণ বিতরণী সনদে তথ্যের অসঙ্গতি ;
- বর্ণিত ০৩টি সমিতির ঋণী সদস্য ৬০ জনের মধ্যে ২৭ জনের পাশ বহি নেই। ৩৩ জনের পাশ বহি ও ডব্লিউ সি এস যাচাই করে দেখা যায় আদায় এর চেয়ে কোথাও কম আবার কোথাও বেশী পোষ্টিং দেয়ায় সুলতানাবাদ ও মধ্য সুলতানাবাদ সমিতিতে (২৫৮১৭+২২৫৪৫)=৪৮৩৬২/- টাকা হস্তমজুদ এবং পূর্ব সুলতানাবাদ সমিতিতে আদায়কৃত অর্থ হতে ২৫৮৮৪/- টাকা অতিরিক্ত জমা প্রদান করেছেন। অর্থাৎ মোট (৪৮৩৬২- ২৫৮৮৪) = ২২৪৭৮/- টাকা হস্তমজুদ;
- সুলতানাবাদ মহিলা সমিতির সংহতি দলে ২য় পর্যায়ে বিতরণকৃত ৩.৮০ লক্ষ টাকা বিতরণের কোন প্রমাণাদি অফিসে নেই;
- বর্ণিত ০৩টি সমিতিতে অনিয়মতান্ত্রিকভাবে কয়েকজনের অর্থ এক জনকে দেয়া হয়েছে;
- দায়িত্বপ্রাপ্ত সমিতিতে ঋণ আদায়ে গমন না করে ম্যানেজারদের উপর নির্ভর করায় ও সার্বিক তদারকির অভাবে উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পেয়েছে;
- আর্থিক লেনদেন পরিচালনার জন্য সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে ০৩টি ব্যাংক হিসাব পরিচালনা করা হয় যাদের শিরোনামসমূহও নির্দেশনা মোতাবেক করা হয় নি;
- স্টক রেজিস্ট্রার, ডব্লিউ সি এস, সভ্য রেজিস্ট্রার, ঋণ বিতরণী রেজিস্ট্রার, হালনাগাদ এফডিআর রেজিস্ট্রার, বেতনভাতার হিসাব সংরক্ষণ রেজিস্ট্রার ব্যবহার না করার বিষয়টি তদারকি না করা;
- মাঠ সংগঠক কর্তৃক আদায়কৃত অর্থ দৈনন্দিনভাবে জমাদান না করে হস্তগত রাখার বিষয়সহ হিসাব সহকারী কর্তৃক দায়িত্বে অবহেলার বিষয়সমূহ তদারকি না করা।

২। এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এবং এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

মোহাম্মদ বাঈতুল আলম  
কর্মসূচি পরিচালক,  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব মোঃ মাহবুবুর রহমান  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
ইরেসপো, বিআরডিবি,  
(চরফ্যাশন, ভোলা বদলি আদেশপ্রাপ্ত)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী/ঝালকাঠি/ভোলা।
- ✓ ২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ/সদর/চরফ্যাশন জেলাঃ পটুয়াখালী/ঝালকাঠি/ভোলা।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।